

## জেএসসিতে পাসের হারে শীর্ষে বরিশাল বোর্ড, নিচে কুমিল্লা

### ■ ইত্তেফাক রিপোর্ট

এবারের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষায় আটটি সাধারণ শিক্ষা বোর্ডের মধ্যে পাসের হারে শীর্ষে রয়েছে বরিশাল শিক্ষা বোর্ড। এই বোর্ডে পাসের হার ৯৬ দশমিক ৩২ শতাংশ। তবে জিপিএ-৫ প্রাপ্তির দিক থেকে বরাবরের মতো শীর্ষে রয়েছে ঢাকা বোর্ড।

অপরদিকে গত বছরের মতো এবারও সবচেয়ে খারাপ ফল করেছে কুমিল্লা বোর্ড। এ বোর্ডে পাসের হার ৬২ দশমিক ৮৩ শতাংশ। গত কয়েক বছরের মতো জিপিএ-৫ প্রাপ্তিতে সবার নিচে রয়েছে সিলেট বোর্ড। এ বোর্ডে ৭ হাজার ৬২১ জন জিপিএ-৫ পেয়েছে। গত বছরের শীর্ষে থাকা রাজশাহী বোর্ড এবার রয়েছে দ্বিতীয় অবস্থানে, এ বোর্ডে পাসের হার ৯৫ দশমিক ৫৪ শতাংশ। এছাড়া ঢাকায় পাসের হার ৮১ দশমিক ৬৬, চট্টগ্রামে ৮১ দশমিক ১৭, যশোরে ৮৩ দশমিক ৪২, সিলেটে ৮৯ দশমিক ৪১ ও দিনাজপুরে ৮৮ দশমিক ৩৮ শতাংশ।